দৈনিক
ইত্তেফাক

তারিখ 28 JUL 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

# বেসরকারি ভার্সিটিতে জঙ্গি সংশ্লিষ্টতা তদারকিতে ইউজিসির কমিটি

■ ইত্তেফাক রিপোর্ট

বেসরকারি বিশ্ববিদ্যালয়ে জঙ্গি সংশ্লিষ্টতা তদারকির জন্য তিন সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। অভিযুক্ত বিশ্ববিদ্যালয়গুলোতে আকস্মিক পরিদর্শন করবে এই কমিটি।

কমিশনের সদস্য অধ্যাপক ড. মো. আখতার হোসেনকে কমিটির আহ্বায়ক করা হয়েছে। কমিটির অন্য সদস্যরা হলেন- ইউজিসির বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগের উপ-পরিচালক জেসমিন পারভীন ও উপ-সচিব মো. শাহীন সিরাজ।

বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগের সংশ্লিষ্ট ডিলিং অফিসার কমিটির সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।